

বরিশালে ববির ভর্তি পরীক্ষায় প্রশ্নপত্র ফাঁস চক্রের ৬ জন গ্রেফতার

জেলা বার্তা পরিবেশক, বরিশাল

বরিশাল বিশ্ববিদ্যালয়ের (ববি) 'ক' ইউনিটের ভর্তি পরীক্ষার প্রশ্নপত্র ফাঁস চক্রকারী ৬ সদস্যের এক চক্রকে গ্রেফতার করেছে বরিশাল মহানগর গোয়েন্দা পুলিশ। গ্রেফতারকৃতদের মধ্যে ঢাকা বিশ্ববিদ্যালয়ের ৩ জন এবং বরিশাল বিশ্ববিদ্যালয়ের একজন শিক্ষার্থী রয়েছে। তাদের কাছ থেকে উদ্ধার করা হয়েছে ৫টি এন্টি জ্যামার ইলেক্ট্রনিক্স ডিভাইস, ৫টি ইলেক্ট্রো ম্যাগনেটিক ব্রুট্‌থ ইনডাকশন (ইয়ারফোন), প্রশ্নপত্র ফাঁসের কাজে ব্যবহৃত ১১টি মোবাইল সেট (সিমসহ), অতিরিক্ত ২টি সিমকার্ড, ১টি হেডফোন এবং ৩টি পেন ড্রাইভ। শনিবার সকাল ৭টায় নগর গোয়েন্দা পুলিশের উপ-পরিদর্শক আশিষ পালের নেতৃত্বে নগরীর বাংলাবাজার প্রশ্নপত্র : পৃষ্ঠা : ২ ক : ১

প্রশ্নপত্র : ফাঁস

(১৬ পৃষ্ঠার পর)

এলাকার আরশেদ আলী কন্স্ট্রাক্টর গলির নাহার ম্যানশনের নিচতলার একটি কক্ষ থেকে ওই ৬ জনকে গ্রেফতার ও উল্লেখিত সরঞ্জামাদি উদ্ধার করা হয়। ওই কক্ষটিতে ভাড়া থাকত বরিশাল বিশ্ববিদ্যালয়ের সমাজবিজ্ঞান বিভাগের ৩য় বর্ষের ছাত্র মুয়ীদুর রহমান বাকী।

গ্রেফতারকৃতরা হচ্ছে- ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভূ-তত্ত্ব বিভাগের তৃতীয় বর্ষের ছাত্র অমর একুশে হলের শহীদ বরকত ভবনের ৪০১ নম্বর কক্ষের ছাত্র মারুফ হোসাইন মারুফ (২২)। তার বাড়ি যশোরের বাঘারপাড়া থানার বলরামপুর গ্রামে। পটুয়াখালীর দুমকী উপজেলার কার্তিকপাশা গ্রামের মৃত আবদুল কাদের হাওলাদারের ছেলে ঢাকা বিশ্ববিদ্যালয়ের মৃত্তিকা, পানি ও পরিবেশ বিভাগের ৪র্থ বর্ষের ছাত্র অমর একুশে হলের শহীদ বরকত ভবনের ৩০১ নম্বর কক্ষের ছাত্র কেন্দ্রীয় ছাত্রলীগের সদস্য আলমগীর হোসেন শাহিন (২৪), পটুয়াখালীর গলাচিপা পৌরসভার কলেজপাড়া এলাকার মো. জাহিদুল ইসলামের ছেলে ঢাকা বিশ্ববিদ্যালয়ের গণিত বিভাগের ৩য় বর্ষে ছাত্র অমর একুশে হলের শহীদ বরকত ভবনের ৩০২ নম্বর কক্ষের ছাত্র মাহমুদুল হাসান আবিদ (২৩), পটুয়াখালীর রাসাবালীর চালিতাবুনিয়া গ্রামের গাজী হাফিজুর রহমানের ছেলে বরিশাল বিশ্ববিদ্যালয়ের সমাজবিজ্ঞান বিভাগের ৩য় বর্ষের ছাত্র মুয়ীদুর রহমান বাকী (২২), পটুয়াখালীর দুমকীর লেবুখালী গ্রামের আবুয়াল হোসেনের ছেলে ঢাকার মোহাম্মদপুর ডিমি কলেজের বিবিএ ৩য় বর্ষের ছাত্র রাকিব আকন (২১) এবং পটুয়াখালীর গলাচিপার পানপট্টির জাফর আহম্মেদের ছেলে গলাচিপা ডিমি কলেজের মানবিক বিভাগের ৩য় বর্ষের ছাত্র সাবির আহম্মেদ প্রিতম (২৩)। এদের মধ্যে ছাত্রলীগ কেন্দ্রীয় কমিটির সদস্য আলমগীর হোসেন শাহিন ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভর্তি পরীক্ষার প্রশ্নপত্র ফাঁস চক্রের অন্যতম হোতা এবং সে ঢাকার সিআইডি পুলিশের মোস্ট ওয়াণ্টেড তালিকাভুক্ত বলে পুলিশ জানিয়েছেন।